

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়

গাঁনী, মেহেরপুর

স্মারক নং : উমাশিআ/গাঁনী/মেহের/২০২২/২২৭২-ক

তারিখ : ০৮/০৫/২০২১

সভার নোটিশ

উপজেলা পরিষদ, গাঁনী এর মে/২০২২ ইং মাসের মাধ্যমিক ও মাদরাসা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ০৯/০৫/২০২২ তারিখ সকাল ১১.৩০ টায় উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে অনুষ্ঠিত হবে। জনাব রাশেদুল হক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাঁনী উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

নির্ধারিত তারিখ ও সময়ে আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অলোচ্য সূচি :-

- বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
- আসন্ন এ.এস.সি পরীক্ষা /২০২২ সুষ্ঠুভাবে এহেনের নিমিত্তে কেন্দ্রু সচিব ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা।
- জাতীয় শিক্ষা সংগ্রহ উদয়াপন ৪. বিবিধ

(মীর হাবিবুল বাসার)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব
মাধ্যমিক শিক্ষা ও ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত উপজেলা পরিষদের স্থায়ী কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের
মে/২০২২ মাসের কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ রাশেদুরহাম ক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী

সভার স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়

তারিখ ও সময় : ০৯/০৫/২০২২ খ্রি: সকাল ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবন্দের স্বাক্ষর : (সংরক্ষিত)


সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তা বাস্তবায়নের অঙ্গতি সম্পর্কে জানতে চান।

সদস্য-সচিব জানান, এসএসসি পরীক্ষা ২০২২ দুই দফা পিছিয়ে আগামী জুন মাসের মাঝামাঝি নির্ধারণ করা হয়েছে। এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় যে, পরীক্ষা শুরুর পূর্বে ইউএসইও সকল প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনার জন্য সভা আহবান করবেন। আসন্ন পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন এবং শিক্ষার্থীদের মনোবল বৃদ্ধি এবং সাহস জোগানোর জন্য প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব প্রতিষ্ঠানের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সম্বর্ধনার আয়োজন করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

সদস্য-সচিব জানান -অন্যান্য বছরের ন্যায় এ বছরও জাতীয়ভাবে জাতীয় শিক্ষা সংগঠন উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে আগামী ১৮ ও ১৯ মে বিভিন্ন ক্যাটাগরীতে শ্রেষ্ঠ (শ্রেষ্ঠ শিক্ষক, শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ স্কাউট ইত্যাদি) বাছাইয়ের ক্ষেত্রে যাতে করে সৎ ও যোগ্য বিচারকমণ্ডলী সমন্বয়ে বিচারক প্যানেল গঠিত হয় এ ব্যাপারে সজাগ থাকার জন্য ইউএসইও কে অনুরোধ করা হয়।

সদস্য-সচিব আরও জানান- তিনি ও তাঁর অফিসের কর্মকর্তাগণ গত কয়েক মাসে বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করে বাল্য বিবাহ সম্পর্কে যে তথ্য পেয়েছেন তা রীতিমত লোমহৰ্ষক। তিনি জানান, কোন কোন প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত যে হারে বাল্য বিবাহ হয় তাতে ৬ষ্ঠ শ্রেণিতে যদি ১০০জন ছাত্রী ভর্তি হয়ে থাকে তাহলে ঐ শ্রেণির অর্ধেক ছাত্রী ১০ম শ্রেণিতে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে। বিষয়টি খুবই উদ্বেগজনক ও জাতির জন্য মারাত্মক ক্ষতির কারণ। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উদেগ প্রকাশ করা হয়। সভায় আবারও ঘনঘন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন এবং সভা-সমাবেশের উপর গুরুত্ব দেওয়া হয়।

সবশেষে সভায় আর বিশেষ কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: রাশেদুল হক)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সদস্যগণের উপস্থিতি শীট।

স্থান :

উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গাংনী, মেহেরপুর।

তারিখ ও সময় :

০২/০২/২২ দুপুরঃ ২.০০টা

সভাপতি :

জনাব মোঃ রাশেদুল হক

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১	মোঃ রাশেদুল হক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।	
০২	চেয়ারম্যান, কাথুলি ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৩	চেয়ারম্যান, কাজিপুর ইউপি, গাংনী, মেহেরপুর।	
০৪	সিরাজুল ইসলাম, অধ্যাক্ষ, উপজেলা ফুলকুড়ি শিশু শিক্ষালয়, গাংনী, মেহেরপুর।	
০৫	মোঃ আশরাফুল লাল, প্রধান শিক্ষক, সরকারী বালিকা বিদ্যালয়, গাংনী, মেহেরপুর।	
০৬	মোঃ আঃ রকিব, শিক্ষক, চৌগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়, গাংনী, মেহেরপুর।	
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর।	